



তারিখ : ১৮/১০/২০২১ খ্রিঃ


প্রেস বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কমার্স কলেজে বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস-২০২১ উদ্‌যাপিত হয়। সকাল ১০ টায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পনের মধ্যে দিয়ে উক্ত দিবসের কর্মসূচি শুরু হয়। সকাল ১০.৩০ মি. এ শেখ রাসেল স্মরণাষ্ঠান উপলক্ষ্যে শিক্ষক পরিষদ মিলনায়তনে কলেজের অধ্যক্ষ প্রফেসর জাহানারার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ প্রফেসর জাহানারা, উপাধ্যক্ষ প্রফেসর সেলিনা বুলবুল, শিক্ষক পরিষদ সম্পাদক জনাব কল্লোল কুমার রক্ষিত, ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত প্রধান প্রফেসর মোহাম্মদ আবুল ফজল, ইংরেজি বিভাগের প্রধান জনাব শেখ নাছিম রহমান, অর্থনীতি বিভাগের প্রধান জনাব উম্মে আমারা সাধী, আয়োজক কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক জনাব তারক চাঁদ ঢালী ও প্রভাষক জনাব মিঠুন মজুমদার। শেখ রাসেলের রুহের মাগফেরাত কামনা করে বাদ যোহর কলেজ মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এছাড়াও শেখ রাসেলের জীবনের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের রচিত গল্প, কবিতা ও চিত্রাঙ্কন নিয়ে আগামী ৩০/১০/২০২১ তারিখ একটি দেয়ালিকা প্রকাশিত হবে।

বৃদ্ধি করে দাও

স্থাপিত : ১৯৫৩




18.10.21
অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা।
প্রফেসর জাহানারা
অই.সি.নং-১৮৫৪
অধ্যক্ষ
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।